

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

নং ২০.০০.০০০০.৩০৯.২৫.৫২৭.১৭ - ৫৩১

তারিখঃ ২০ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ
০৭ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ

অধ্যাপক ড. শফিক উজ্জামান
পরিচালক
অর্থনৈতিক গবেষণা ব্যুরো
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়ঃ সামাজিকবিজ্ঞানে উচ্চতর গবেষণা পদ্ধতিতে প্রশিক্ষণ কোর্স-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজনের লক্ষ্যে আর্থিক মঞ্জুরী।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আপনার ২১/০৯/২০১৬ খ্রি: তারিখে আবেদন এর পরিপ্রেক্ষিতে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ কর্তৃক “সামাজিকবিজ্ঞানে উচ্চতর গবেষণা পদ্ধতিতে প্রশিক্ষণ কোর্স”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজনের লক্ষ্যে আর্থিক মঞ্জুরি প্রদান বিবেচিত হয়েছে। এতদুদ্দেশ্যে সর্বমোট ৩০০,০০০(তিন লক্ষ) টাকা (ভ্যাট আদায়সহ) আর্থিক মঞ্জুরি অনুমোদন করা হয়েছে। অত্র পরিষদ কর্তৃক অনুসৃত নিয়ম-নীতি ও পদ্ধতির আলোকে আপনার প্রতিষ্ঠানকে আগামী, ২৪/০৪/২০১৭ তারিখের মধ্যে একটি চুক্তিনামা সম্পাদন করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানের পক্ষে একজন উপযুক্ত ব্যক্তি এবং একজন জামানতকারীকে জাতীয় পরিচয়পত্রসহ উপস্থিত থাকতে হবে। এ বিষয়ে চুক্তিনামা সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত কাগজপত্রসহ আগামী ২৪/০৪/২০১৭ তারিখে অত্র পরিষদ কার্যালয়ে যোগাযোগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি:

১. একটি নমুনা চুক্তিনামা
২. একটি জামানতনামা
৩. প্রশিক্ষণ কোর্সের প্রোগ্রাম সিডিউল
৪. প্রশিক্ষণ কোর্স প্রদানকারীর(যোগ্যতার বিস্তারিতসহ) নামের তালিকা।

আন্তরিকভাবে আপনার



(মোছা: জেসমুন নাহার)
সহকারী পরিচালক (অ: দা:)
পরিকল্পনা বিভাগ
ফোনঃ ৯১১৮৭২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব(এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ।(ওয়েবসাইটে প্রকাশের জন্যে)
- ৩। বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ।
- ৪। অর্থনৈতিক গবেষণা ব্যুরো ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ।